লেন্স এশিয়া

৬ ডিসেম্বর, ২০২৫

# প্রবাসী ভোটারদের নিবন্ধনের সময় বাড়ল ২৫ ডিসেম্বর পর্যন্ত




সংগৃহীত ছবি

আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ও গণভোটে অংশ নিতে প্রবাসী ভোটারদের নিবন্ধনের সময় বাড়িয়েছে নির্বাচন কমিশন (ইসি)। 'পোস্টাল ভোট বিডি' অ্যাপের মাধ্যমে প্রবাসীরা এখন ২৫ ডিসেম্বর মধ্যরাত পর্যন্ত ভোটার হিসেবে নিবন্ধন করতে পারবেন।

ইসি সচিবালয়ের সিনিয়র সচিব আখতার আহমেদ জানিয়েছেন, বিশ্বের যে কোনো দেশ থেকে প্রবাসীরা এই অ্যাপ ব্যবহার করে নিবন্ধন করতে পারবেন। তবে নিবন্ধনের সময় অবশ্যই অবস্থানকালীন দেশের সঠিক ঠিকানা প্রদান করতে হবে। প্রয়োজনে কর্মস্থল বা পরিচিতজনের ঠিকানাও দেওয়া যেতে পারে। ভুল ঠিকানা দিলে ৬ ডিসেম্বরের মধ্যে মোবাইল অ্যাপের এডিট মেন্যু ব্যবহার করে সংশোধন করতে হবে। সঠিক ঠিকানা ছাড়া পোস্টাল ব্যালট প্রেরণ সম্ভব হবে না।

এ পর্যন্ত 'পোস্টাল ভোট বিডি' অ্যাপের মাধ্যমে ১ লাখ ৯৩ হাজার ৮৭৪ জন প্রবাসী ভোটার নিবন্ধন করেছেন, যার মধ্যে ১ লাখ ৭৪ হাজার ৯০৯ জন পুরুষ ও ১৮ হাজার ৯৬৫ জন নারী। দেশভিত্তিকভাবে সৌদি আরবের প্রবাসী ভোটার ৩৮,২৬৯ জন, যুক্তরাষ্ট্র ১৯,২৭১ জন।

প্রথমে গুগল প্লে স্টোর বা অ্যাপ স্টোর থেকে অ্যাপ ডাউনলোড ও ইনস্টল করতে হবে। প্রবাসী ভোটারদের অবশ্যই সেই দেশের মোবাইল নম্বর ব্যবহার করতে হবে, যেখান থেকে তারা ভোট দেবেন।

LENS ASIA